ঝিনাইদহে ব্রাজিল ফুটবল সমর্থক গোষ্ঠীর র্যালী ও শোভাযাত্রা

‎“ভাতৃত্বের বন্ধন অটুট রাখি, ফুটবল বিশ্বকাপ উপভোগ করি” এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ব্রাজিল ফুটবল সমর্থকদের র্যালী- শোভাযাত্রা ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (১২ জুন) সকাল ১১টার দিকে স্থানীয় ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠ থেকে ব্রাজিল সমর্থক গোষ্ঠির আয়োজনে এ র্যালী ও শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। র্যালিতে শহরের বিশিষ্ট চিকিৎসক, সাংবাদিক, রাজনীতিবিদ, ব্যবসায়ি, জনপ্রতিনিধি, শিক্ষক ও শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার ব্রাজিল সমর্থক অংশ নেন।

‎এ সময় সমর্থকেরা ব্রাজিলের প্লেয়ার এবং ফুটবল ও বিশ্বকাপ নিয়ে নানা শ্লোগান দিতে থাকেন। র্যালীটি স্থানীয় শহরের পোষ্ট অফিস মোড়, পায়রাচত্তর ঘুরে আবারও ওয়াজির আলী স্কুলের সামনে গিয়ে শেষ হয়।

‎এ সময় সংক্ষিপ্ত বক্তব্য রাখেন ব্রাজিল সমর্থক গোষ্টির আহবায়ক সাংবাদিক রাজিব হাসান, সদস্য সচিব মোহাম্মদ আল মামুন, যুগ্ম আহবায়ক রাকিবুল ইসলাম বাপ্পি ও সাংবাদিক ইমন হাসানসহ অন্যান্যরা।

গাংনীতে বিএনপি প্রার্থী আমজাদ হোসেনের বিশাল মোটরসাইকেল শোভাযাত্রা

মেহেরপুর-২ (গাংনী) আসনের বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী, সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সাবেক সভাপতি আমজাদ হোসেনকে স্বাগত জানিয়ে গাংনীতে হাজারো মোটরসাইকেলের বিশাল শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে কুষ্টিয়া-মেহেরপুর মহাসড়কের বাওট এলাকা থেকে শোভাযাত্রাটি শুরু হয়ে গাড়াডোব ঘুরে গাংনী বাজারে দলীয় কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

বিএনপি নেতাকর্মীরা দাবি করেছেন, এর আগে গাংনী আসনে এত সংখ্যক মোটরসাইকেল নিয়ে কোনো প্রার্থী নির্বাচনী শোভাযাত্রা করেনি। তাদের মতে, এ শোভাযাত্রা মেহেরপুর-২ আসনে বিএনপির জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হয়ে থাকবে।

প্রায় ২০ কিলোমিটারজুড়ে হাজার হাজার মোটরসাইকেল শোভাযাত্রায় অংশ নেওয়ায় এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয় এবং বিএনপি নেতাকর্মীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা ছড়িয়ে পড়ে। এতে নেতাকর্মীদের মনোবল আরও চাঙা হয়েছে বলে মন্তব্য করেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু। তিনি বলেন, দলীয় দুঃসময়ে যিনি বিএনপিকে ধরে রেখেছেন, সেই প্রার্থী আমজাদ হোসেন মনোনয়ন পাওয়ার পর থেকে গণসংযোগ ও সভা-সমাবেশে মানুষের ঢল নামছে। ধানের শীষ প্রতীকে তিনি বিপুল ভোটে বিজয়ী হবেন বলে আমরা বিশ্বাস করি।

শোভাযাত্রা শেষে সংক্ষিপ্ত বক্তব্যে প্রার্থী আমজাদ হোসেন বলেন, বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে নেতাকর্মীরা ঐক্যবদ্ধ। শহর থেকে গ্রাম সবখানে জনগণ ধানের শীষের পক্ষে স্বতঃস্ফূর্তভাবে প্রচারণা চালাচ্ছেন এবং ৩১ দফা কর্মসূচি ঘরে ঘরে পৌঁছে দিচ্ছেন।

তিনি আরও বলেন, বিএনপির একটাই বলয় বেগম খালেদা জিয়া ও তারেক রহমান। দলের সবাই আমার আপনজন, আমার দরজা সবার জন্য খোলা। যারা এখনো দ্বিধায় আছেন, তাদেরও ধানের শীষের পক্ষে ফিরে আসার আহ্বান জানাচ্ছি। শোভাযাত্রায় উপস্থিত ছিলেন প্রার্থী আমজাদ হোসেন, গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান, উপদেষ্টা নাসির উদ্দীন, গাংনী উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক সাজেদুর রহমান বুলবুল, জেলা কৃষক দলের সদস্য সচিব মিজানুর রহমানসহ বিপুল সংখ্যক নেতাকর্মী।

শোভাযাত্রাকে ঘিরে গাংনীজুড়ে দিনজুড়ে ছিল উৎসবমুখর পরিবেশ।

মেহেরপুরে জামায়াতের নির্বাচনী মোটরসাইকেল শোভাযাত্রা

জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে বিশাল নির্বাচনী মোটরসাইকেল শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা সাড়ে ৩টার দিকে মেহেরপুর সরকারি কলেজ মাঠ প্রাঙ্গণ থেকে এ শোভাযাত্রা শুরু হয়।

শোভাযাত্রায় নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী ও জেলা জামায়াতের আমীর তাজউদ্দিন খান। নির্বাচনি প্রচারণার অংশ হিসেবে আয়োজিত এ মোটরসাইকেল শোভাযাত্রায় জেলা ও উপজেলা পর্যায়ের নেতাকর্মীরা অংশ নেন।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন, জেলা নায়েবে আমীর মাওলানা মহাবুব উল আলম, জেলা রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, মুজিবনগর উপজেলা আমীর মাওলানা খানজাহান আলী, জেলা বায়তুলমাল সম্পাদক জারজিস হোসাইন, সদর উপজেলা সেক্রেটারি মাস্টার জাব্বারুল ইসলাম ও মুজিবনগর উপজেলা সেক্রেটারি খাইরুল বাশারসহ জামায়াতের বিভিন্ন অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

শোভাযাত্রাটি সদর উপজেলা থেকে শুরু হয়ে ঐতিহাসিক মুজিবনগর এলাকা প্রদক্ষিণ করে। পরে পুনরায় শহরে ফিরে পৌর কলেজে এসে সমাপ্ত হয়।

সমাপনী বক্তব্যে মাওলানা তাজউদ্দিন খান শোভাযাত্রায় অংশগ্রহণ করায় সাধারণ জনগণ ও নেতাকর্মীদের প্রতি কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, নির্বাচনকে সামনে রেখে মাঠপর্যায়ে জনসম্পৃক্ততা আরও জোরদার করা হবে। এ সময় তিনি আসন্ন নির্বাচনে সফলতা অর্জনের লক্ষ্যে নেতাকর্মীদের সদা প্রস্তুত থাকার আহ্বান জানান।

দামুড়হুদায় বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শোভাযাত্রা ও আলোচনা সভা

দামুড়হুদার নতিপোতা ইউনিয়নে বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার বিকেলে নতিপোতা বাজারে এই অনুষ্ঠানের আয়োজন করে নতিপোতা ইউনিয়ন বিএনপি।

এতে সভাপতিত্ব করেন, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সভাপতি মাসুদ রানা। প্রধান অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির। প্রধান বক্তা ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু। বিশেষ অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি সাবেক চেয়ারম্যান কামরুজ্জামান টুনু, জুড়ানপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইদ্রীস আলী, হাউলী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপি’র সভাপতি শামসুল হক, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, সহ-সভাপতি আব্দুর রাজ্জাক, যুগ্ম সাধারণ সম্পাদক আক্তারুজ্জামান বাবুল, সাংগঠনিক সম্পাদক শওকত আলী ও দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ।

নতিপোতা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি তুহিনুর রহমান সোহাগের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র কোষাধ্যক্ষ আল মাসুম বাবু, নতিপোতা ইউনিয়ন বিএনপি নেতা বাবলুর রহমান, দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য মাহফুজুর রহমান জনি, নতিপোতা ইউনিয়ন বিএনপির ১ নং ওয়ার্ডের সভাপতি বদরুল আলম, সাধারণ সম্পাদক লুৎফর রহমান, ২ নং ওয়ার্ডের সভাপতি খাইরুল ইসলাম, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, ৩ নং ওয়ার্ডের সভাপতি আসাদুর রহমান মিঠু, ৪ নং ওয়ার্ডের সভাপতি আব্দুর রফিক, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম শফি, ৫ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক আব্দুস সাত্তার, ৬ নং ওয়ার্ডের সভাপতি আবু সাঈদ, ৭ নং ওয়ার্ডের সভাপতি

শরিফ আলী, সাধারণ সম্পাদক বাবলুর রহমান, ৮ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক আনিসুজ্জামান, ৯ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, সহ-সভাপতি তরিকুল ইসলাম, বিএনপি নেতা নজরুল ইসলাম, নতিপোতা ইউনিয়ন যুবদল নেতা ইঞ্জিনিয়ার আকরাম হোসেন খান, জাহাঙ্গীর আলম অংকিল, মেহেদী হাসান নাঈম, পারভেজ আলী, ইউনিয়ন স্বেচ্ছাসেবকদলের আহ্বায়ক ডালিম শেখ, সদস্য সচিব সাগর আলী, যুগ্ম আহ্বায়ক আলমগীর হোসেন, নতিপোতা ইউনিয়ন ছাত্রদলের সহসভাপতি শাকিল শেখ, যুগ্ম সাধারণ সম্পাদক নাগিবুর রহমান প্রমুখ।

অনুষ্ঠানের প্রধান বক্তা দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, পিআর পদ্ধতি অজুহাতে নির্বাচন কালক্ষেপণ করার পায়তারা করছে একটি দল। নির্বাচন বন্ধ করতে ষড়যন্ত্র করছে। দেশের মানুষ পিআর টিআর বোঝেনা। ভোট দেবেন এখানে আর সংসদ সদস্য নির্বাচিত হবে সন্দ্বীপে এমনটা হবে না। ওই নির্বাচন আমরা চাইনা। পারলে প্রতিযোগিতা করে নির্বাচন করে সংসদ সদস্য হয়ে দেখান। কোনো ষড়যন্ত্র করে বিএনপির গতিকে মন্থর করা যাবে না।

অনুষ্ঠানের প্রধান অতিথি দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির বলেন, আগামী ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন। এই নির্বাচনে বিএনপি’র সুনিশ্চিত জয় হবে দেখে একটি দল ষড়যন্ত্র করছে। বিএনপি’র বিরুদ্ধে কোনো ষড়যন্ত্র করে লাভ নেই। শহীদ জিয়ার আদর্শে গড়া বিএনপি পানিতে ভেসে আসেনি। আগামী নির্বাচনে চুয়াডাঙ্গা-২ আসনে মাহমুদ হাসান খান বাবুকে ধানের শীষে ভোট দিয়ে নির্বাচিত করতে হবে। সকলকে ভেদাভেদ ভুলে কাজ করতে হবে।

গাংনীতে বিএনপি’র বিজয় শোভাযাত্রা অনুষ্ঠিত

গণ-অভ্যুত্থান দিবসের বছরপূর্তি উপলক্ষে মেহেরপুরের গাংনীতে বিশাল বিজয় শোভাযাত্রা ও পথসভা করেছে উপজেলা ও পৌর বিএনপি।

গতকাল বুধবার বিকাল সাড়ে ৫টায় গাংনী উপজেলা বিএনপি কার্যালয় থেকে

শুরু হয়ে শোভাযাত্রাটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে বড় বাজারে গিয়ে শেষ হয়।

সাবেক এমপি আমজাদ হোসেনের নির্দেশে অনুষ্ঠিত এই কর্মসূচিতে অংশ নেন বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের নেতাকর্মীরা। বিভিন্ন এলাকা থেকে খণ্ড খণ্ড মিছিল এসে একত্রিত হয় মূল শোভাযাত্রায়।

শোভাযাত্রা শেষে বড়বাজার এলাকায় সংক্ষিপ্ত পথসভায় বক্তব্য রাখেন, গাংনী উপজেলা যুবদলের সাবেক সভাপতি সাজেদুর রহমান বুলবুল, বিএনপি নেতা

মোস্তাফিজুর রহমান, পৌর বিএনপি’র সাবেক সহ-সভাপতি সুজন মাহমুদ, আবুল কালাম আজাদ, সিরাজুল ইসলাম, ইয়ামিন বাবলু প্রমুখ। এসময় বিভিন্ন সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী এতে অংশ নেন।

হরিণাকুণ্ডুতে আনন্দ শোভাযাত্রাসহ নানা আয়োজনে বাংলা বর্ষ বরণ

জাতীয় সঙ্গিত এবং এসো হে বৈশাখ গানের মাধ্যমেই সারা দেশের ন্যায়, ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলাতে পালিত হলো আনন্দ শোভাযাত্রায় বাংলা বর্ষ-১৪৩২ খ্রি:।

পহেলা বৈশাখ উদযাপনে আনন্দ শোভাযাত্রাটি সোমবার সকালে হরিণাকুণ্ডু উপজেলা পরিষদ চত্ত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে দোয়েল চত্ত্বরে এসে শেষ হয়।

হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার বি এম তারিক-উজ জামান এঁর সভাপতিত্বে আনন্দ সোভাযাত্রায় উপস্থিত ছিলেন, সহকারী কমিশনার (ভুমি), ঈশিতা আক্তার, হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ (ওসি), এ রউফ খান, উপজেলা বিএনপি সভাপতি আবুল হাসান মাস্টার, সহ-সভাপতি আনিচুর রহমান, সাধারণ সম্পাদক, তাইজাল আলী, পৌর বিএনপির সভাপতি জিন্নাতুল হক খান, সিঃ যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আশরাফুল আলম

টোটন, সাংগঠনিক সম্পাদক আব্দুল মমিন, উপজেলা যুবদলের আহ্বায়ক মোঃ আব্দুস সামাদ, বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তাসহ স্থানীয় ছাত্র-ছাত্রীরা।

জাকজমকপূর্ণভাবে নানা কর্মসূচীর মধ্যে ছিলো চিত্রাঙ্কন, রচনা প্রতিযোগিতা, হাড়ি ভাঙ্গা, ঝুড়িতে বল নিক্ষেপ, লাঠি খেলার মতো উপভোগ্য নানা আয়োজন।

মেহেরপুর জেলা বিএনপির বৈশাখ বরণ শোভাযাত্রা

বাংলা নববর্ষকে স্বাগত জানিয়ে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে বর্ণাঢ্য বৈশাখী শোভাযাত্রা ও বর্ষবরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১৪ এপ্রিল) সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে শোভাযাত্রাটি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে বড়বাজার চৌরাস্তা মোড়ে গিয়ে শেষ হয়।

শোভাযাত্রায় গ্রামবাংলার ঐতিহ্যবাহী সাজসজ্জা ও নানা ধরনের প্ল্যাকার্ড নিয়ে সর্বস্তরের মানুষ অংশগ্রহণ করেন। পালকি, গরুর গাড়ি, ঘোড়ার গাড়ি, জেলে, কৃষকের সাজে সজ্জিত মানুষদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। হিন্দু, মুসলিম, খ্রিস্টান ও বৌদ্ধ—সব ধর্মের মানুষের অংশগ্রহণে শোভাযাত্রায় বৈচিত্র্যের এক অনন্য দৃষ্টান্ত তৈরি হয়।

শোভাযাত্রায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাবেদ মাসুদ মিলটন, সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, আব্দুল্লাহ, আনছারুল হক, হাফিজুর রহমান হাপি, খাইরুল বাশার, রেজাউল হক, ওমর ফারুক লিটন, মীর ফারুক, রোমানা আহমেদ, আবু সালেহ মোহাম্মদ নাসিম, গণিউল আজম, আলফাজ উদ্দীন কালু, আব্দুল আওয়াল, আখেরুজ্জামান, জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আ. রহিম, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা বিএনপির

সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব ইলিয়াস হোসেন, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, আব্দুল লতিফ, মোশিউল আলম দ্বীপু, হাফিজুর রহমান, সৌরভ, জনি, যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, শামুয়েল হোসেন সনি সহ জেলার বিএনপির বিপুল সংখ্যক নেতাকর্মী।

ছাত্র-জনতাকে হত্যার দায়ে খুনি হাসিনার ফাঁসি কার্যকর করতে হবে–আসাদুজ্জামান বাবলু

জতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে গাংনী উপজেলা ও পৌর বিএনপির একাংশের উদ্যোগে বিরাট শোভাযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১৩ নভেম্বর) বিকালে হাইস্কুল ফুটবল মাঠে গাংনী উপজেলা ও পৌর বিএনপির একাংশের উদ্যোগে এই সমাবেশ ও প্রধান সড়কে শোভাযাত্রার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি ও কাজিপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মতিয়ার রহমান মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

জনসভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা জাতীয়তাবাদী কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমান মাহবুব।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা জাসাসের সাধারণ সম্পাদক ও গাংনী পৌর বিএনপির ২নং ওয়ার্ডের সাধারণ

সম্পাদক সুলেরী আলভী, গাংনী পৌর বিএনপির সাংগাঠনিক সম্পাদক গোলাম মোস্তফা ডাকু, গাংনী উপজেলা জাতীয়তাবাদী ওলামা দলের সভাপতি ও ৪নং ওয়ার্ড বিএনপির সভাপতি এনামুল হক, গাংনী পৌর বিএনপির সাবেক নেতা শাজাহান সেলিম, আশাদুল হক আশা, মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হোসেন, সাবেক ছাত্রনেতা শাহিবুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে আসাদুজ্জামান বাবলু বলেছেন, ৫ আগষ্টের আগে এদেশের হাজার হাজার দামাল সন্তান বুকের তাঁজা রক্ত দিয়ে এই দেশকে নতুন করে স্বাধীন করেছে। স্বৈরাচারী সরকারের প্রধানমন্ত্রী হাসিনার নির্দেশে এসব দামাল ছেলেকে হত্যা করা হয়েছে। এসব ছাত্র-জনতাকে হত্যার দায়ে খুনি হাসিনার ফাঁসি কার্যকর করতে হবে।

তিনি বলেন, ৫ আগষ্টের পরে প্রশাসনের সকল দফতরে কাজের ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। প্রশাসনকে তাঁদের সেই ধীর গতিকে সচল করতে হবে। কাজের গতি সচল না করে যারা দেশকে অচল করার চেষ্টা করবেন, তাঁদের দাঁতভাঙ্গা জবাব দেওয়া হবে।

বাবলু আরও বলেন, গাংনী উপজেলার আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের হাতে এখনো লাইসেন্সবিহীন অজস্র অবৈধ আগ্নেয়াস্ত্র রয়েছে। অনতিবিলম্বে এসব অবৈধ আগ্নেয়াস্ত্র উদ্ধার ও তাদের গ্রেফতার করে আইনের আওতায় আনার জন্য প্রশাসনকে উদ্যোগে নিতে হবে। নাহলে বাড়তে থাকবে সন্ত্রাসী কার্যক্রম।

তিনি বলেন, স্বৈরাচারী সরকারের পুলিশ প্রশাসন বিগত ১৭ বছরে আমার বিরুদ্ধে ১৮ টি মিথ্যা মামলা দিয়েছে। মিথ্যা মামলায় আমাকে বারবার কারা বরণ করতে হয়েছে। রিমান্ড নিয়েছে আমাকেসহ বিএনপি, ছাত্রদল ও যুবদলের হাজার হাজার নেতাকর্মীদের। আমি আপনাদের পাশে ছিলাম, আগামীতেও পাশে থাকবো।

আসুদুজ্জামান বাবলু আরও বলেন, সম্প্রতি দেখলাম, কেউ নিজেকে জনতার এমপি, কেউ জেলা বিএনপির সভাপতি হয়ে গেছি পরিচয় দিচ্ছেন। আমি জেলা বিএনপির সভাপতি বা সম্পাদক হয়নি। আপনারা আমাকে ভালোবেসে আজ আমার পাশে দাঁড়িয়েছেন।

তিনি বলেন, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, তার ভাই অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন স্বৈরাচার আওয়ামী সরকারের ১৭ বছর লড়াই সংগ্রাম করেছে। যা সারা বাংলাদেশে নজীন স্থাপন করেছে। মাসুদ অরুন ও জেলা বিএনপি সারা বাংলাদেশের বিএনপির

আইকন। অথচ, তাঁদের বিরুদ্ধে একটি কুচক্রি মহল কুৎসা রটনা করছে। মেহেরপুরের মানুষ তাঁদের সেই কুৎসা রটনার দাঁতভাঙ্গা জবাব দেবে।

দিবসটি উপলক্ষে সংক্ষিপ্ত সমাবেশ শেষে একটি বিরাট শোভাযাত্রা ফুটবল মাঠ থেকে শুরু হয়ে মেহেরপুর-কুষ্টিয়া সড়ক প্রদক্ষিণ শেষে হাসপাতাল বাজার এলাকা ঘুরে বড় বাজার শহীদ আবু সাঈদ চত্বরে গিয়ে শেষ হয়।

মিছিল ও সমাবেশে উপজেলার বিভিন্ন এলাকা থেকে বিএনপি, ছাত্রদল, যুবদল, শ্রমীকদলসহ অঙ্গ দলের হাজার হাজার কর্মী সমর্থক জাতীয় পতাকা, ব্যানার, ফেস্টুন, প্লেকাড ও ধানের শীষ হাতে খন্ড খন্ড মিছিল সহকারে এসে গাংনী হাইস্কুল মাঠ কানায় কানায় পূর্ণ হয়ে যায়। সমাবেশে এলাকার কয়েক হাজার নারী অংশ নেন।

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে মহান বিজয় দিবস উদযাপন

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে মহান বিজয় দিবস উদযাপন ও শোভাযাত্রা করেছেন। আজ সকাল ৭ টার সময় স্কুল এন্ড কলেজ ক্যাম্পাসে জাতীয় সংগীতের সাথে সাথে পতাকা উত্তোলন করে বিজয় র্যালির সূচনা করেন।

শোভাযাত্রায় কুতুবপুর স্কুল এন্ড কলেজের শত শত শিক্ষার্থী ও শিক্ষক শিক্ষিকাদের উপস্থিতিতে ব্যান্ড বাজিয়ে আজকের এই বিজয় দিবস উদযাপন করেন। বিজয় র্যালিতে উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

শোভাযাত্রা শেষে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে স্বাধীনতার তীহ নিয়ে ছাত্রীদের মাঝে বক্তব্য রাখেন স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান রেজা। সর্বপরি কুতুবপুর স্কুল এন্ড কলেজের বার্ষিক ফলাফল ঘোষণা করেন। এই ঘোষণায় যারা প্রথম,দ্বিতীয়,তৃতীয় স্থান অধিকার করেছেন তাদের কে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান

মিজানুর রহমান তার ব্যাক্তিগত উদ্যোগে প্রথম স্থান অধিকারী কে ২০০০,দ্বিতীয় স্থান অধিকারী কে ১৫০০ টাকা ও তৃতীয় স্থান অধিকারী কে ১০০০ টাকা করে পুরস্কৃত করেন।

তিনি জানান, লেখাপড়া ভালো করে করতে পারলে সকলকেই আমি পুরুষ্কৃত করবো। পরবর্তীতে ছাত্র-ছাত্রীদের কে নিয়ে বিজয় দিবসে যারা জীবন দিয়েছেন সেই সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনাই দোয়া করে অনুষ্ঠানের সমাপ্তি করেন।

গাংনীতে ঐতিহাসিক ৭ই মার্চ ও সরকারের উন্নয়ন প্রচারে শোভাযাত্রা

মেহেরপুরের গাংনীতে ঐতিহাসিক ৭ই মার্চ ও ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিন পালন এবং জাতিয় শিশু দিবস উদযাপন ও সরকারের উন্নয়ন প্রচারনা মুলক শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে উপজেলা সাবেক ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম ও জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাবিবের নেতৃত্বে একটি শোভাযাত্রা গাংনী শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

শোভাযাত্রাটি গাংনী উপজেলা চত্বর থেকে বের হয়ে সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা চত্বরে এসে শেষ হয়। শোভাযাত্রায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী। জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি রাকিবুল ইসলাম টুটুল,উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, উপজেলা কৃষক লীগের সহ সভাপতি মাহামুদ হাসিবসহ উপজেলা ছাত্রলীগের নেতৃবৃন্দ ও কর্মি সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন। এসময় সরকারের নানা উন্নয়ন তুলে ধলে শ্লোগান দেন শোভাযাত্রায় অংশ গ্রহনকারিরা।